

যুগান্তর

শিক্ষার্থীকে নির্যাতন

রাবির দুই ছাত্রলীগ কর্মী সাময়িক বহিষ্কার

স্থায়ী বহিষ্কার দাবিতে ৭ দিনের আলটিমেটাম

প্রকাশ : ১৮ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ফাইন্যান্স বিভাগের শিক্ষার্থী সোহরাব মিয়াকে নির্যাতনের ঘটনায় দুই ছাত্রলীগ কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- ইসলামিক স্টাডিজ বিভাগের চতুর্থবর্ষের শিক্ষার্থী রাকিবুল ইসলাম ও বাংলা বিভাগের তৃতীয়বর্ষের হুমায়ন কবির নাহিদ। দু'জনই ছাত্রলীগ শহীদ শামসুজ্জোহা হল শাখার কর্মী। বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছেন প্রক্টর অধ্যাপক ড. লুৎফর রহমান। সোহরাবকে নির্যাতনের প্রতিবাদে রোববার বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত বই হাতে নিয়ে প্রশাসন ভবন ঘেরাও করেন আন্দোলনকারীরা। এ সময় আন্দোলনকারীদের কাছে এসে দুই ছাত্রলীগ কর্মীকে সাময়িক বহিষ্কারের ঘোষণা দেন প্রক্টর। পরে স্থায়ীভাবে বহিষ্কার ও তাদের গ্রেফতারের দাবি জানিয়ে ৭ দিনের আলটিমেটাম দিয়ে আন্দোলন স্থগিত করেন আন্দোলনকারীরা। একই দাবিতে এদিন বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে নিপীড়নবিরোধী ছাত্র-শিক্ষক ঐক্যের ব্যানারে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। আরবি বিভাগের অধ্যাপক ড. ইফতিখারুল আলম মাসউদের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য দেন- সমাজকর্ম বিভাগের অধ্যাপক আক্তার হোসেন মজুমদার, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক সালেহ হাসান নকীব, উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ইমতিয়াজ আহমেদ, আইইআর ইন্সটিটিউটের অধ্যাপক আক্তার বানু আল্পনা প্রমুখ।

তারা বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের মানসিক ও দৈহিক নিপীড়নের মতো ন্যাকারজনক ঘটনা ঘটেই চলেছে। বৈধ আবাসিক শিক্ষার্থীকে ছাত্র নামধারী দুর্বৃত্তরা গায়ের জোরে হল থেকে বের করে দিচ্ছে। কিন্তু নিরাপত্তায় প্রশাসনের কোনো পদক্ষেপ নেই।’ মানববন্ধনে তারা কয়েকটি দাবি তুলে ধরেন। এগুলো হল- নিপীড়ক শিক্ষার্থীদের স্থায়ী বহিষ্কার করতে হবে। দায়িত্বে অবহেলার জন্য হল প্রশাসনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। নির্যাতনের ঘটনা ঘটলে হল প্রশাসন কর্তৃক মামলার তদারকি ও ব্যয়ভার বহন করতে হবে। হলগুলো সিসিটিভির আওতায় আনতে হবে। বৈধ শিক্ষার্থীদের সিট নিশ্চিত করতে হবে। এদিকে হামলাকারীদের স্থায়ী বহিষ্কারের দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্র ফেডারেশন রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা। সংগঠনটির বিশ্ববিদ্যালয় শাখার দফতর সম্পাদক অন্ত বিশ্বাস স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘ছাত্রলীগ বিশ্ববিদ্যালয়গুলোকে একটি ভয়ের রাজ্যে পরিণত করেছে। যেখানে শিক্ষার্থীদের জীবনের ন্যূনতম নিশ্চয়তা নেই। বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবরই ছাত্রলীগের এসব গুণ্ডাদের বাঁচিয়ে দেয়ার চেষ্টা করে যাচ্ছে।’ শহীদ শামসুজ্জোহা হলে নির্যাতনের ঘটনায় জড়িত সন্দেহে চারজনকে আটক করে নগরীর মতিহার থানা পুলিশ। জিজ্ঞাসাবাদ শেষে তিনজনকে ছেড়ে দেয়া হয়েছে। আরেকজনকে হত্যাচেষ্টা মামলায় আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। এ তথ্য নিশ্চিত করেছেন মতিহার থানার ওসি হাফিজুর রহমান।

প্রসঙ্গত, শুক্রবার রাতে শহীদ শামসুজ্জোহা হলের তৃতীয় ব্লকের ২৫৪ নম্বর কক্ষে ডেকে নিয়ে সোহরাবকে মারধর করে ছাত্রলীগ কর্মী রাকিবুল ইসলাম ওরফে আসিফ লাক ও হুমায়ন কবির নাহিদ। রডের আঘাতে সোহরাবের মাথা ফেটে যায়। হাতও ভেঙে যায়। সোহরাব রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ৩১ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।

ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।